

উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগ ওঠায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম আজ মঙ্গলবারের মধ্যে পদত্যাগ না করলে বুধ ও বৃহস্পতিবার সর্বাত্মক ধর্মঘটের ডাক দিয়েছেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার পাদদেশে ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে আয়োজিত ‘উপাচার্যকে কালো পতাকা প্রদর্শন’ কর্মসূচিতে এ ঘোষণা দেওয়া হয়।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের (মার্কসবাদী) সভাপতি মাহাথির মোহাম্মদ বলেন, ‘উপাচার্যের পদত্যাগের আলটিমেটাম শেষ হতে চলেছে। কিন্তু তিনি এখন পর্যন্ত শিক্ষার্থীদের দাবির প্রতি কর্ণপাত করেননি। আমরা তাকে জানাতে চাইনি আপনি বিশ্ববিদ্যালয়ের জন্য দুর্নীতির যে চ্যাম্পিয়ন খেতাব নিয়ে এসেছেন, তা আমাদের জন্য লজ্জার। আপনি আমাদের এ লজ্জা থেকে মুক্তি দিন। আর মাত্র একদিন সময় আছে। তা না হলে আগামীকাল (মঙ্গলবার) আপনাকে লাল কার্ড দেখানো হবে।’

কর্মসূচিতে শিক্ষকদের মধ্যে অধ্যাপক আবদুল জব্বার হাওলাদার, অধ্যাপক খবির উদ্দিন, অধ্যাপক কামরুল আহসান, অধ্যাপক আনোয়ারুল্লাহ ভূঁইয়া, অধ্যাপক সাঈদ ফেরদৌস, অধ্যাপক মির্জা তাসলিমা সুলতানা, অধ্যাপক শামীমা সুলতানা, অধ্যাপক নাজমুল হাসান

তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন। উন্নয়ন প্রকল্পে ছাত্রলীগকে সঙ্গে নিয়ে দুর্নীতির অভিযোগ এনে উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামকে ১ অক্টোবরের মধ্যে পদত্যাগের সময়সীমা বেঁধে দেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা।